17

তারিখ 02 JUL
পৃষ্ঠা ৩ কলাম ৫

**দৈনিক ইত্তেফাক**

# মাদরীপুরে ৫টি উচ্চ বিদ্যালয়ের জরাজীর্ণ অবস্থা

মাদারীপুর সংবাদদাতা ॥ এই জেলা সদরের ইউনাইটেড সরকারী উচ্চবিদ্যালয়, পাবলিক ইনষ্টিটিউশন চরমুগরিয়া উচ্চ বিদ্যালয়, চরমুগরিয়া বালিকা উচ্চবিদ্যাল ও মাদারীপুর উচ্চ বালিকা বিদ্যালয় ভবন এবং এই ৫টি শিক্ষা প্রতিষ্ঠানের ছাদ ধসিয়া পড়ার আশংকা দেখা দিয়াছে। প্রতিটি বিদ্যালয়ের বিপদসঙ্কুল অবস্থা দীর্ঘদিন যাবৎ বিরাজ করিলেও মেরামত বা সংস্কারের পদক্ষেপ নেওয়া হইতেছে না। প্রবল বারিবর্ষণ শুরু হওয়ায় কোন কোন বিদ্যালয়ের ছাদ

( ৪র্থ পৃঃ দ্রঃ )

## মাদারীপুরে ৫টি

(৩য় পৃঃ পর)

ধসিয়া মারাত্মক দুর্ঘটনা ঘটাইতে পারে বলিয়া শিক্ষকমহল ও ছাত্র-ছাত্রীরা শঙ্কিত। ইউনাইটেড সরকারী উচ্চ বিদ্যালয়ের কয়েকটি কক্ষে ক্লাস গ্রহণ বন্ধ করিয়া দেওয়া হইয়াছে। অন্য ৪টি বিদ্যালয়ে ঝুঁকিপূর্ণ অবস্থায় ক্লাস চালান হয়। প্রায় প্রত্যেক ভবনের প্লাষ্টার খসিয়া পড়িয়াছে। কোন কোন ছাদ ফাটিয়া গিয়াছে। বৃষ্টির পানিতে ভিতর ছয়লাব হইয়া যাইতেছে।